## শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

# ব্যাকরণ

## তৃতীয় শ্রেণি

### ব্যাকরণ বই থেকে পড়ো ও মুখস্থ করোঃ-

সমার্থক শব্দ :- ৮৩ পাতা

(আকাশ থেকে পাখি পর্যন্ত)

এককথায় প্রকাশ :- ৮৪ পাতা

(অসম্ভব থেকে অকুতোভয় পর্যন্ত)

বানানশুদ্ধি :- ৮৫ পাতা

(প্রথম অংশ—পৃথিবী থেকে মধুসূদন পর্যন্ত)

লিঙ্গ---৫১ পাতা সম্পূর্ণ অধ্যায়

বচন---- ৬০ " " "

### নিজে লেখোঃ- (উত্তর পরে মিলিয়ে নেবে)

১) বাক্যগুলি থেকে সমাপিকা-অসমাপিকা ক্রিয়া বেছে লেখোঃ-

ক) আমরা রোজ সকালে পড়তে বসি।

খ) গ্রীষ্মের ছুটিতে দার্জিলিং বেড়াতে যাব।

গ) ঘন শ্যাওলার দল জলে ভেসে যায়।

ঘ) বিড়ালটি মাছ নিয়ে পালালো।

ঙ) ব্যস্ত শহরে সর্বদা গাড়ি ছুটে চলে।

চ) মন দিয়ে পড়াশুনা করলে ভালো ফল পাবে।

ছ) কোথা থেকে ছুটে এল পাগলের মতো ।

জ) বিছানাটির একটি পাশে ঘুমিয়ে আছে খোকা।

ঝ) দেখতে দেখতে কোথায় যাব ভেসে।

ঞ) সন্ধেবেলায় কুড়িয়ে আনি শুকনো ডালপালা।

২) সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার পার্থক্য লেখো।

৩) ছেলেটি গাছে উঠতে জানে।---বাক্যটি থেকে সমাপিকা ও অসমাপিকা ক্রিয়া বেছে লেখো। কেন এদের সমাপিকা ও অসমাপিকা ক্রিয়া বলবে?

# সমাপিকা ও অসমাপিকা ক্রিয়া

## তৃতীয় শ্রেণি

## উত্তর অংশঃ-

| | |
|---|---|
| ১. ক) সমাপিকা - বসি | অসমাপিকা - পড়তে |
| খ) সমা. - যাব | অসমা. - বেড়াতে। |
| গ) সমা. - যায়। | অসমা. - ভেসে |
| ঘ) সমা. - পালালো | অসমা. - নিয়ে |
| ঙ) সমা. - চলে | অসমা. - ছুটে |
| চ) সমা. - পাবে | অসমা. - করলে |
| ছ) সমা. - এল | অসমা. - ছুটে |
| জ) সমা. - আছে | অসমা. - ঘুমিয়ে |
| ঝ) সমা. - যাব | অসমা. - দেখতে দেখতে, ভেসে |
| ঞ) সমা. - আনি | অসমা. - কুড়িয়ে |

২. সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার পার্থক্য :-

| সমাপিকা ক্রিয়া | অসমাপিকা ক্রিয়া |
|---|---|
| ক) সমাপিকা ক্রিয়া বাক্যে মনের ভাব সম্পূর্ণ করতে পারে। | ক) অসমাপিকা ক্রিয়া বাক্যে মনের ভাব সম্পূর্ণ করতে পারে না। |

| | |
|---|---|
| খ) একটি বাক্যে একটি মাত্র সমাপিকা ক্রিয়া থাকে। | খ) একটি বাক্যে অসমাপিকা ক্রিয়া থাকতে পারে, নাও থাকতে পারে, একাধিক থাকতে পারে। |
| গ) আমি বিকেলে খেলতে যাই । | গ) আমি বিকেলে খেলতে যাই। |

৩. বাক্যটিতে সমাপিকা ক্রিয়া 'যাই', কারণ 'যাই' ক্রিয়াপদটি দিয়ে মনের ভাব সম্পূর্ণ রূপে প্রকাশ হচ্ছে। আর অসমাপিকা ক্রিয়া 'উঠতে', কারণ এই ক্রিয়াপদটি দিয়ে মনের ভাব সম্পূর্ণ রূপে প্রকাশ পাচ্ছে না।

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য
- **Comment Box**-এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।